# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বাঃ মঃ উঃ কঃ
বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪, ৫৫০১১৮৫২, ৯১৪৩৪৯৫
Email: bfdc_64@yahoo.com, Fax: 880-02-55011853

পত্র নং ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৮- ৫৪৭ তারিখঃ ০৫/১১/২০১৮খ্রিঃ।

**বিষয়ঃ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের অক্টোবর/২০১৮ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মপ্রাম এর পত্র নং ৩৩.০০.০০০০.১৫২.১৬.০০২.১৭.২০; তারিখঃ ২৫/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের অক্টোবর/২০১৮ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী পরবর্তী সদয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনামতে।

০৫/১১/২০১৮

দিলদার আহমদ
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
ফোনঃ ৯১৪০৮০১।

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব (ব্লু-ইকোনমি)।

# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪, ৫৫০১১৮৫২, ৯১৪৩৪৯৫
Email: bfdc_64@yahoo.com, Fax: 880-02-55011853

বাঃ মঃ উঃ কঃ


## বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের অক্টোবর/২০১৮ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণী।

সভাপতি : পরিচালক (ক্রয় ও বিপণন) ও ইনোভেশন অফিসার।
সভার স্থান : কর্পোরেশনের সভাকক্ষ।
তারিখ : ২৮/১০/২০১৮ খ্রিঃ।
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'।

০১। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি বলেন যে, ইনোভেশন মাধ্যমে দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুনগত পরিবর্তন আনায়ন করা। তিনি কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য-সচিবকে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোশেনের ২০১৮-২০১৯ খ্রিঃ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও সামগ্রিক অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানান।

০২। সভায় উপস্থিত সদস্যদের সাথে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০১৮-২০১৯ খ্রিঃ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | কার্যক্রম (Activities) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | গত ২৪/৭/১৮খ্রি: তারিখে অত্র কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। | বাস্তবায়িত | পরিকল্পনা বিভাগ |
| | ১.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | --- | --- | --- |
| | ১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ | গত ১২/৮/১৮খ্রি: তারিখে অত্র কর্পোরেশনের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। | বাস্তবায়িত | পরিকল্পনা ও প্রশাসন বিভাগ |

| ক্রঃ নং | কার্যক্রম (Activities) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২ | ২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ১০টি সভার আহ্বানের নির্দেশনা রয়েছে। গত জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর মাসে মোট ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। | প্রতি মাসে ০১টি সভা করতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| | ২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | গত সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয়েছে-যা বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে। | প্রতি মাসের সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ |
| ৩ | ৩.১ এক দিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার | জুন, ২০১৯ এর মধ্যে ০৩টি এক দিনের ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজনের সিদ্ধান্ত আছে। এ বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | নভেম্বর,২০১৮ খ্রিঃ তারিখে ০১টি ০১ দিনের ওরিয়েন্টেশন আয়োজন করা হবে। | প্রশাসন ও পরিকল্পনা বিভাগ |
| | ৩.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন | ডিসেম্বর, ২০১৮ এবং জুন, ২০১৯ এর মধ্যে ০২ দিনের ০২টি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত আছে। এ বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | নির্ধারিত তারিখের মধ্যে ০২ দিনের ০২টি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন বিভাগ |
| | ৩.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন | জুন, ২০১৯ এর মধ্যে ০৫ দিনের ০১টি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত আছে। এ বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | নির্ধারিত তারিখের মধ্যে ০৫ দিনের ০১টি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন বিভাগ |
| | ৩.৪ উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর | উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত ০২ জন কর্মকর্তার বিদেশ শিক্ষা সফরের আয়োজন করার নির্দেশনা রয়েছে। | মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফরের আয়োজন করতে হবে। | প্রশাসন বিভাগ |
| ৪ | ৪.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ | গত ২৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখে বিভিন্ন কেন্দ্র থেকে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক গৃহীত ধারণাগুলো নিম্নরূপঃ<br>১) কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নে সফটওয়্যার (এক্সেল) এর ব্যবহার।<br>২) ঝুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহন।<br>৩) আড়ৎদার ও পাইকারদের সাথে যোগাযোগের জন্য সামাজিক মাধ্যম ব্যবহার করা। | বাস্তবায়িত | পরিকল্পনা বিভাগ |
| | ৪.২ উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে (ideabank.gov.bd) জমা রাখা | গত ৯/৯/১৮খ্রি: তারিখে উদ্ভাবনী উদ্যোগ/ ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে (ideabank.gov.bd) জমা রাখা হয়েছে। | বাস্তবায়িত | পরিকল্পনা বিভাগ |

| ক্রঃ নং | কার্যক্রম (Activities) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ৫.১ ন্যূনতম ০২ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন | ইতোমধ্যে ০৩টি উদ্ভাবনী উদ্যোগ কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক গৃহীত হয়েছে। উক্ত ০৩টি উদ্যোগের মধ্যে ন্যূনতম ০২টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং ৩০/০৪/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। উদ্ভাবনের উদ্যোগ গুলো নিম্নরূপঃ-<br><br>১) কর্পোরেশনের বাৎসরিক বাজেট প্রণয়নে সফটওয়্যার (এক্সেল) এর ব্যবহার।<br>২) ঝুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহন।<br>৩) আড়ৎদার ও পাইকারদের সাথে যোগাযোগের জন্য সামাজিক মাধ্যম ব্যবহার করা। | প্রতি মাসের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে জানাতে হবে।<br><br>১) বাস্তবায়িত।<br><br>২) প্রক্রিয়াধীন।<br>৩) প্রক্রিয়াধীন। | অর্থ ও বিপণন বিভাগ। ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার কক্সবাজার ও ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, খুলনা। |
| ৫ | ৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবন প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান | গত ২৪/০৯/২০১৮ খ্রিঃ তারিখে পরিচালক (অর্থ) মহোদয়, খুলনা কেন্দ্র পরিদর্শনের সময় চলমান উদ্ভাবনী উদ্যোগসহ কেন্দ্রের সামগ্রিক কার্যক্রম পরিদর্শন করেন। | দাপ্তরিক কাজে কেন্দ্রসমূহ পরিদর্শনের সময় উর্ধ্বতন কর্মকর্তাদের চলমান উদ্ভাবনী উদ্যোগ সরেজমিনে পরিদর্শনের জন্য পত্র দিতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| | ৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ | আগামী ০৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে। কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক গৃহীত ০৩টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কাজ চলমান রয়েছে। পাইলটিং কাজ সফলভাবে বাস্তবায়ন শেষে পাইলটিং প্রকল্পের তালিকা তৈরীকরতঃ ওয়েবসাইটে প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পাইলটিং কাজ সফলভাবে বাস্তবায়ন শেষে পাইলটিং প্রকল্পের তালিকা তৈরীকরতঃ যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | প্রশাসন ও পরিকল্পনা বিভাগ |

| ক্রঃ নং | কার্যক্রম (Activities) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | ৬.১ ন্যূনতম ০১টি ইনোভেশন শোকেসিং আয়োজন | আগামী ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি ইনোভেশন শোকেসিং আয়োজন করার নির্দেশনা রয়েছে। কেন্দ্রীয় ইনোভেশন টিমের সকল সদস্য মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, কক্সবাজার কেন্দ্রে ঝুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহনের উদ্ভাবনী উদ্যোগটি শোকেসিং এর জন্য নির্বাচনের বিষয়ে একমত পোষণ করেন। | ইনোভেশন শোকেসিং এর কার্যক্রম এখন থেকেই শুরু করতে হবে। | পরিকল্পনা বিভাগ। ও ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, কক্সবাজার |
| | ৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন | কেন্দ্রীয় ইনোভেশন টিমের সকল সদস্য শোকেসিং এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, কক্সবাজার কেন্দ্রে ঝুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহনের উদ্ভাবনী উদ্যোগটি নির্বাচনের বিষয়ে একমত পোষণ করেন। | নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ করতে হবে। | বাস্তবায়ন ও পরিকল্পনা বিভাগ |
| ৭ | ৭.১ ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত | আগামী ১০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। বিপণন বিভাগ জানান যে, কুটা মাছ বিক্রির কার্যক্রম চলমান রয়েছে। | ঢাকা শহরে কুটামাছ বিক্রির কার্যক্রম সফল হলে তা বিভাগীয় পর্যায়ে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হবে। | বিপণন বিভাগ |
| | ৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা | আগামী ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করার নির্দেশনা রয়েছে। কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক গৃহীত ০৩টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কাজ চলমান রয়েছে। পাইলটিং কাজ বাস্তবায়ন শেষে মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, কক্সবাজার কেন্দ্রে ঝুড়ির পরিবর্তে কার্টুনে মাছ প্যাকিং ও পরিবহনের উদ্ভাবনী উদ্যোগটির ডকুমেন্টেশন তৈরীর কার্যক্রম গ্রহণ করতে হবে। | এখন থেকে উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি কাজের প্রস্তুতি নিতে হবে। | বাস্তবায়ন, অর্থ, বিপণন ও পরিকল্পনা বিভাগ |
| ৮ | ৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণ | গত২৮/৮/১৮খ্রি: তারিখে মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণ করা হয়েছে। | বাস্তবায়িত | পরিকল্পনা বিভাগ |
| | ৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন | ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ ও জুন, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ০২ দিনের ০২টি মেন্টরিং কর্মশালা আয়োজনের নির্দেশনা রয়েছে। | কর্মশালা মন্ত্রণালয়ের মাধ্যমে আয়োজনের ব্যবস্থা করতে হবে। | পরিকল্পনা বিভাগ |

| ক্রঃ নং | কার্যক্রম (Activities) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৯ | ৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/ পুরস্কার প্রদান। | বছরে ০৩ জন উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ক্রেস্ট প্রদান করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ করা হয়। | বছরে ০৩ জন উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন বিভাগ |
| | ৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | ০৩ জন উদ্ভাবককে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ করা হয়। | ০৩ জন উদ্ভাবককে দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন বিভাগ |
| | ৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | ০১ জন উদ্ভাবকের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ করা হয়। | ০১ জন উদ্ভাবককে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামের প্রেরণের ব্যবস্থা করতে হবে। | প্রশাসন বিভাগ |
| ১০ | ১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দের নির্দেশনা রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নে ১ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। | বাস্তবায়িত | অর্থ বিভাগ |
| | ১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ১ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না। | বাজেটে ব্যয়ের প্রাক্কলন (ট্রেনিং/ কর্মশালা/শিক্ষা সফর) খাতওয়ারী নির্ধারণ করতে হবে। | অর্থ, প্রশাসন ও পরিকল্পনা বিভাগ |
| ১১ | ১১.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর | এ বিষয়ে সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। | ০২টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ব্যবস্থাপক, মৎস্য অবতরণ ও পাইকারী মৎস্য বাজার, কক্সবাজার |
| ১২ | ১২.১ তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণ | আগামী৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণ করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী প্রতি মাসে তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদ করা হচ্ছে। | বিষয়টি যথাযথভাবে অনুসরণ করতে হবে। | প্রশাসন ও পরিকল্পনা বিভাগ |
| ১৩ | ১৩.১ ই-সেবা তৈরি ও বাস্তবায়ন করা | আগামী ১৫/০২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি ই-সেবা বাস্তবায়িত করার নির্দেশনা রয়েছে। বিপণন বিভাগ জানান যে, on-line মাছ বিক্রির কার্যক্রম একটি ই-সেবা। যার কার্যক্রম চলমান রয়েছে। | উক্ত সেবাটি চলমান রাখতে হবে। | বিপণন ও প্রশাসন বিভাগ |

| ক্রঃ নং | কার্যক্রম (Activities) | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৪ | ১৪.১ ন্যূনতম ০১টি সেবা পদ্ধতি সহজীকরণ ও বাস্তবায়ন | আগামী ১৫/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম ০১টি সেবা সহজীকরণ ও বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। হিসাব বিভাগ থেকে গ্র্যাচুইটি সংক্রান্ত মঞ্জুরী আদেশ ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | উক্ত সেবাটি চলমান রাখতে হবে। | হিসাব বিভাগ |
| ১৫ | ১৫.১ আওতাধীন অধিদপ্তর/দপ্তর/ সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ | বাস্তবায়িত | ----- | পরিকল্পনা বিভাগ |
| | ১৫.২ আওতাধীন অধিদপ্তর/দপ্তর/ সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | প্রতি মাসে সভা করে ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হচ্ছে। | কার্যক্রম চলমান রাখতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| ১৬ | ১৬.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন। | আগামী ৩১/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে। | যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়নের ব্যবস্থা করতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| | ১৬.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যথাসময়ে প্রেরণ করা হবে। | পরিকল্পনা বিভাগ |
| | ১৬.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন | আগামী ১৫/০৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন করার নির্দেশনা রয়েছে। | যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়নের ব্যবস্থা করতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| | ১৬.৪ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যথাসময়ে প্রেরণ করা হবে। | পরিকল্পনা বিভাগ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/১৮
তাসলিমা বেগম
সহকারী পরিকল্পনা কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ
বামউক, ১১-২৪ কাওরান বাজার, ঢাকা-১২১৫

২৮-১০-১৮
মোঃ শামসুজ্জামান
ব্যবস্থাপক
পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা

২৮/১০/১৮
(মোঃ আবদুল মতিন)
যুগ্ম সচিব
পরিচালক (ক্রয় ও বিপণন)
ও
ইনোভেশন অফিসার
কেন্দ্রীয় ইনোভেশন কমিটি।